

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখঃ ১১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

ই-রিটার্ন দাখিল প্রশিক্ষণের জন্য ডিজিটাল রেজিস্ট্রেশনের ব্যবস্থা করেছে জাতীয় রাজস্ব বোর্ড

সকল সম্মানিত করদাতার জন্য ই-রিটার্ন দাখিল প্রক্রিয়া সহজবোধ্য করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড গত বছরের ন্যায় এবছরে ও ই-রিটার্ন প্রশিক্ষণের আয়োজন করেছে। নিম্নোক্ত লিংকে লগ-ইন করে যেকোন আগ্রহী করদাতা এবং কর আইনজীবীগণ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য তাঁদের আগ্রহ ব্যক্ত করতে পারবেন:

রেজিস্ট্রেশন লিংক: <https://nbr.gov.bd/form/e-return-training/eng>

ই-রিটার্ন প্রশিক্ষণে আগ্রহী করদাতা ও কর আইনজীবীগণের নিকট থেকে উক্ত অনলাইন লিংকে রেজিস্ট্রেশনের মাধ্যমে প্রাপ্ত আগ্রহের ভিত্তিতে প্রতি ব্যাচে ৩০০ জনের জন্য প্রশিক্ষণের আয়োজনের মাধ্যমে সকলের জন্য প্রশিক্ষণ নিশ্চিত করা হবে। আগামী সপ্তাহে জাতীয় রাজস্ব বোর্ড এর মাল্টিপারপাস হলে সরাসরি এ প্রশিক্ষণ শুরু হবে। ই-রিটার্ন প্রশিক্ষণের তারিখ এবং সময় সকল আগ্রহী করদাতা এবং কর আইনজীবীগণকে তাঁদের স্ব-স্ব ইমেইলে জানিয়ে দেয়া হবে।

গত ৪ আগস্ট ২০২৫ তারিখে অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ ২০২৫-২৬ কর বছরের জন্য অনলাইনে ই-রিটার্ন দাখিল কার্যক্রম শুভ উদ্বোধন করেন। ই-রিটার্ন চালুর পর থেকে এখন পর্যন্ত গত এক মাসে ৩ লক্ষ ৬৫ হাজারের অধিক করদাতা ২০২৫-২৬ কর বছরের জন্য অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করেছেন।

৬৫ (পঁয়ষট্টি) বছর বা তদুর্ধ্ব বয়সের প্রবীণ করদাতা, শারীরিকভাবে অসমর্থ বা বিশেষ চাহিদাসম্পন্ন করদাতা, বিদেশে অবস্থানরত বাংলাদেশী করদাতা, মৃত করদাতার পক্ষে আইনগত প্রতিনিধি এবং বাংলাদেশে কর্মরত বিদেশী নাগরিকগণ ব্যতীত সারাদেশের সকল ব্যক্তি শ্রেণীর করদাতার (Individual Taxpayers) অনলাইনে (www.etaxnbr.gov.bd) আয়কর রিটার্ন দাখিল এ বছর বাধ্যতামূলক করা হয়েছে।

ই-রিটার্ন দাখিলের ক্ষেত্রে কোন প্রকার কাগজপত্র সংযুক্ত করার প্রয়োজন হয় না। করদাতাগণ তাদের নিকট রক্ষিত কাগজপত্রের ভিত্তিতে সহজে রিটার্ন পূরণ করে নিমিষেই অনলাইনে তা দাখিল করে রিটার্ন দাখিলের রশিদ এবং আয়কর সার্টিফিকেট etax সিস্টেম থেকে প্রিন্ট নিতে পারেন।

-জাতীয় রাজস্ব বোর্ড